

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১৬ (বৃত্তি)

নং-শিম/শাঃ১৯/১-৪৪(মরক্কো)/২০১১/ ২৬০

তারিখঃ ১০ আষাঢ় ১৪২০ বঙ্গাব্দ
২৪ জুন ২০১৩ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ মরক্কো সরকার প্রদত্ত আন্ডার গ্রাজুয়েট, গ্রাজুয়েট এবং ডক্টরেট পর্যায়ের বৃত্তি ২০১৩-২০১৪।

মরক্কো সরকার প্রস্তাবিত আন্ডার গ্রাজুয়েট, গ্রাজুয়েট এবং ডক্টরেট পর্যায়ে মোট ১৫টি বৃত্তির জন্য প্রার্থী মনোনয়নের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীরা মরক্কো সরকারের ওয়েবসাইট www.amci.ma (www.enssup.gov.ma এবং www.dfc.gov.ma) হতে আবেদন ফরম এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইটে গাইড লাইনে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে দরখাস্ত করা যাবে।

যোগ্যতাঃ

- ১। Undergraduate প্রার্থীদের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং এস.এস.সি ও এইচ.এস.সি-তে A⁺ গ্রেডধারী হতে হবে। বয়স ১৮-২৩ বছরের মধ্যে হতে হবে।
- ২। Graduate Studies (Masters) প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর অনার্স ডিগ্রী থাকতে হবে।
- ৩। Doctorate প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর মাস্টার্স ডিগ্রী থাকতে হবে।

আবেদন ফরম নির্ধারিত ওয়েবসাইট থেকে ডাউন লোড করে যথাযথভাবে পূরণ করে নিম্নলিখিত কাগজপত্রসহ ২ (দুই) সেট করে দাখিল করতে হবে (সকল কাগজপত্র ইংরেজীতে হতে হবে);

- (ক) সকল পরীক্ষার সত্যায়িত সার্টিফিকেট, মার্কশীট (সকল প্রার্থীর জন্য)।
- (খ) সমাপ্ত স্টাডি প্রোগ্রাম ও রিসার্চ পেপার অথবা থিসিস (গ্রাজুয়েট প্রার্থীদের জন্য)।
- (গ) খসড়া থিসিস (ডক্টরেট প্রার্থীদের জন্য)।
- (ঘ) সত্যায়িত জন্ম নিবন্ধন সার্টিফিকেট, পাসপোর্টের ফটোকপি (সকল প্রার্থীর জন্য)।
- (ঙ) মেডিক্যাল সার্টিফিকেট (সরকারী ডাক্তার এ মর্মে প্রত্যয়ন করবেন যে, প্রার্থী কোন সংক্রামক রোগে ভুগছে না, কোন acute illness এ আক্রান্ত নয় এবং কোন Pandemic বহন করছে না) (সকল প্রার্থীর জন্য)।
- (চ) ২ কপি সাম্প্রতিক তোলা রঙিন পাসপোর্ট সাইজের ছবির পেছনে জাতীয়তা উল্লেখ করে পূর্ণ নাম লিখতে হবে।

শর্তাবলীঃ

- (ক) আবেদনপত্র আগামী ০৯/০৭/২০১৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট ডাকযোগে অথবা সরাসরি বাংলাদেশ সচিবালয় ২নং গেটে ৯নং কাউন্টারে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- (খ) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(মোহাম্মদ মাস্টিনউদ্দিন চৌধুরী)

উপ-সচিব

কক্ষ নং-১৭০৬, ভবন নং-৬

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ফোনঃ ৯৫৪৫০৩২

অত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত ডকুমেন্টস শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ জানানো হলোঃ-

সিনিয়র সিস্টেম এনালিস্ট

আই.সি.টি সেল

শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।